# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**07 OCTOBER 2025** **7:45—7:55 PM**

---

রাজ্যের ৩৮ হাজার পরিবারকে অর্ন্তভুক্ত করে ২৫ হাজার ৯৯১ টি স্থানে অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায়ের আনুষ্ঠানিক সূচনা ।

২) বরাক উপত্যকার তিন জেলার বিভিন্ন স্থানেও আজ এই প্রকল্পের সূচনা ।

৩) রাজ্যের ছটি জনগোষ্ঠীর জনজাতিকরণের বিষয়টি নিয়ে গঠন করা মন্ত্রীগোষ্ঠীর চূড়ান্ত প্রতিবেদন ২৫ নভেম্বর দাখিলের সম্ভাবনা ।

এবং

৪) আসাম-ত্রিপুরা সীমান্তে চুরাইবাড়ি চেকপোস্টে রুটিন তল্লাশীর সময় আজ একটি লরি থেকে বিপুল পরিমাণ নেশাজাতীয় কফ সিরাপ বাজেয়াপ্ত ।

---------------------------------------------------------------

বুনিয়াদী অর্থনীতি সবলীকরণের মাধ্যমে রাজ্যকে উন্নতির পথে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে রাজ্য সরকার আজ অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায়ের আনুষ্ঠানিক সূচনা করে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা গুয়াহাটী খানাপারার পশু চিকিৎসা বিজ্ঞান মহাবিদ্যালয়ের খেলার মাঠে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করে ২৫ হাজার ৯৯১ টি স্থানে সমবেত হিতাধিকারীদের সম্বোধন করেন । অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন যে অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায়ের মাধ্যমে রাজ্যের ৩৮ লক্ষ মহিলা উপকৃত হবেন । এই প্রকল্পের জন্য রাজ্যসরকার বছরে ৫ হাজার কোটি টাকা ব্যয় করবে বলে তিনি জানান ।এই প্রকল্পের অধীনে কেউ অর্থ না পেলে তাৎক্ষনিকভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অভিযোগ জানাতে বলেন তিনি ।এই প্রকল্পের অর্থ সময়মতো পেতে হলে যোগাযোগের জন্য একাউন্ট সংযোগী ফোন নম্বর

এবং বেংকের কে ওয়াই সি সক্রিয় করে রাখতে মুখ্যমন্ত্রী মহিলা হিতাধিকারীদের প্রতি আহ্বান জানান ।অরুণোদয় প্রকল্পের মাধ্যমে প্রত্যেক মহিলা মাসে ১২৫০ টাকা করে লাভ করা সহ রান্নার গ্যাসের সিলিন্ডার ক্রয় করার জন্য অতিরিক্তভাবে ২৫০ টাকা করে লাভ করবেন বলে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা জানান ।আগামী বছর ফেব্রুয়ারী মাসে সরকার মায়েদের জন্য বড় উপহার ঘোষণা করবে বলেও মুখ্যমন্ত্রী জানান ।মুখ্যমন্ত্রী বিটিআরের জেলাগুলো ছাড়া রাজ্যের সব জেলার আয়ুক্তদের অরুণোদয় প্রকল্প রূপায়নের কাজ যথাযথ ভাবে সম্পন্ন করার নির্দেশ দেন ।মুখ্যমন্ত্রী বলেন --------

--------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায়ের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয় ।

কাছাড় জেলার ১ হাজার ৫৭৫ টি কেন্দ্রে একসঙ্গে আজ এই অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায়ের আনুষ্ঠানিক সূচনা করা হয় । জেলার ১ হাজার ৫৭৫ টি কেন্দ্রে একসঙ্গে এই প্রকল্পটির উদ্বোধন করা হয় । শিলচর শ্যামাচরণ বিদ্যাপীঠে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রদেশ বিজেপি সভাপতি দিলীপ শইকিয়া , বিধায়ক দীপায়ন চক্রবর্তী উপস্থিত ছিলেন । কাছাড় এই প্রকল্পের অধীনে ১ লক্ষ ৮৩ হাজার হিতাধিকারী উপকৃত হবেন । অনুষ্ঠানে ভাষণ দিয়ে শ্রী শইকিয়া বলেন ---

বাইট

এদিকে আজ জেলার অভিভাবক মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া বরখলা বিধানসভা এলাকার দূর্গাপল্লী উত্তর কৃষ্ণপুর তৃতীয় খন্ডের ২২ নম্বর বুথে এই প্রকল্পের উদ্বোধন করেন ।পরে তিনি মেহেরপুর দূর্গাবাড়ি কেন্দ্রেও এই প্রকল্পের সূচনা করেন ।অনুষ্ঠানে জেলা আয়ুক্ত মৃদুল যাদব সহ অন্যান্য আধিকারীকরা উপস্থিত ছিলেন । রংপুরে এই প্রকল্পের সূচনা করেন প্রদেশ বিজেপির সাংগঠনিক সম্পাদক রবীন্দ্র রাজু ।

--------------------------------------------------------------------------------

এদিকে প্রয়াত শিল্পী জুবিন গার্গের রহস্য মৃত্যু সম্পর্কে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে প্রদেশ বিজেপি সভাপতি দিলীপ শইকিয়া বলেন যে এই ঘটনার তদন্তের জন্য এস আই টি গঠন করা সহ বিচার বিভাগীয় কমিশন গঠন করা হয়েছে । এই ঘটনার সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত দোষী ব্যাক্তি শাস্তি পাবে বলে তিনি মন্তব্য করেন ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার মোট ৬০২ টি ভোট কেন্দ্রে আজ অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্য্যায়ের সূচনা করা হয়েছে । হাইলাকান্দি শহরের টাউন হলে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে জেলা আয়ুক্ত অভিষেক জৈন এবং পৌর সভাপতি মানব চক্রবর্তী উপস্থিত

ছিলেন । উল্লেখ্য তৃতীয় পর্য্যায়ে জেলার ৫৫ হাজার ৫শ ১৭ জন হিতাধিকারী উপকৃত হবেন ।

---

এদিকে শ্রীভূমি জেলায়ও আজ অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্য্যায়ের সূচনা করা হয়েছে । রাজ্যের পূর্ত, মৎস্য ও পশু পালন বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আজ পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত দোহালিয়ার ৩৭ নম্বর বুথে এই প্রকল্পের  উদ্বোধন করেন । উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রী পাল বলেন যে অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্য্যায়ে রাজ্যের মহিলাদের আর্থিক ক্ষমতায়ন ও সহায়তা নিশ্চিত করার জন্য মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা এক যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছেন ।

---

প্রতিরক্ষা ক্ষেত্রে দেশের আত্মনির্ভরশীলতা প্রকল্প ও ঘোষণার পর্যায় অতিক্রম করে কার্যকর করা ও প্রভাবের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি লাভ করেছে । প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ নতুনদিল্লীতে এক অনুষ্ঠানে অংশ নিয়ে একথা জানান । ভাষনপ্রসঙ্গে তিনি বলেন যে সাম্প্রতিক সময়ে যুদ্ধগুলি মূলতঃ প্রযুক্তি দ্বারা চালিত হবার পরিপ্রেক্ষিতে যুদ্ধের আধুনিকতা তথা এর সঙ্গে সামঞ্জস্য রেখে এগিয়ে যাবার বিষয়টিতে  সরকার সম্পূর্ণ সচেতনতা অবলম্বন করছে । বিগত ১০ বছরে আত্মনির্ভর ভারত কার্যসূচীর অধীনে স্থানীয় প্রতিরক্ষা সরঞ্জামের বিকাশ সাধন তথা নির্মাণকাজকে এগিয়ে নেবার ক্ষেত্রে সরকার বেশকয়েকটি প্রকল্প গ্রহণ করেছে বলেও তিনি উল্লেখ করেন ।

---

ছটি জনগোষ্ঠীর জনজাতিকরণের বিষয়টি দ্রুত গতিতে এগিয়ে চলেছে এবং  ২৫ শে নভেম্বর আসাম সরকারের গঠন করা মন্ত্রীগোষ্ঠী  এ বিষয়ে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করবে । এরপর জনজাতিকরণের বিষয়টি কার্যকর করার পথ প্রশস্ত হবে বলে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ জানিয়েছেন । মূখ্যমন্ত্রী বলেন যে সম্প্রতি জনজাতি হিসেবে মর্যাদা লাভ করা বড়ো ,রাভা ,মিসিং ,সনোয়াল-কাছারী ইত্যাদি লোকেদের মর্যাদা অক্ষুন্ন রেখে  বাকী জনগোষ্ঠীসমূহকে জনজাতির মর্যাদা দেবার জন্য সব দিক খতিয়ে দেখা হচ্ছে ।

---

শ্রীভূমি জেলার বাজারিছড়ার চুরাইবাড়ি থেকে আজ বিপুল পরিমাণ নেশাজাতীয় কফ সিরাপ বাজেয়াপ্ত করা হয়েছে । গৌহাটী থেকে ত্রিপুরার উদ্দেশ্যে যাত্রা করা একটি লরি আজ সকালে আসাম-ত্রিপুরা সীমান্তে চুরাইবাড়ি চেকপোস্টে পৌঁছনোর পর রুটিন

তল্লাশীর সময় ওই লরি থেকে বারোটি নকল বৈদ্যুতিক মিটার বাক্সের ভিতরে প্রায় তিন হাজার বোতল কোডিন ফসফেট কফ সিরাপ উদ্ধার করা হয়েছে । এর বাজারমূল্য আনুমানিক ৩০ লক্ষ টাকা হবে বলে জানানো হয়েছে । লরি চালকে আটক করে তদন্ত শুরু হয়েছে বলে আমাদের শ্রীভূমির সংবাদদাতা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের কৃষি ও জমির নথি সঞ্চালকালয়ের নির্দেশে শ্রীভূমি জেলার প্রতিটি রাজস্ব চক্রে কৃষি রাজস্ব আদালত শিবির শুরু হয়েছে যা আগামী ৩০শে নভেম্বর পর্য্যন্ত চলবে । শিবিরে জমি সংক্রান্ত মিউটেশন জমি ও রাজস্ব সর্ম্পকিত  সমস্যা নিষ্পত্তি ছাড়াও কৃষকের মোবাইল নম্বরকে আধার ও ফার্মারস রেজিষ্ট্রির সঙ্গে সংযুক্ত করার কাজ করা হচ্ছে । প্রতিটি শিবিরে কৃষি এবং রাজস্ব চক্র আধিকারীকরা উপস্থিত থাকছেন এবং প্রতিদিন সকাল ১১টা থেকে বিকেল ৫টা পর্য্যন্ত শিবির অনুষ্ঠিত হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দির জেলা ম্যাজিষ্ট্রেট এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে শিরিষপুর চা বাগানের ফায়ারিং রেঞ্জের পাঁচশ মিটার ব্যাসার্ধের মধ্যে ভারতীয় নাগরিক সংহিতার ১৬৩ ধারার অধীনে আজ থেকে আগামী শনিবার পর্য্যন্ত প্রতিদিন সকাল ৬টা থেকে বিকেল ৬টা পর্য্যন্ত জনসাধারন ও গবাদি পশুর চলাফেরা নিষিদ্ধ করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে আজ থেকে আগামী ১১ই অক্টোবর পর্য্যন্ত শ্রীভূমির চর্তুথ আসাম ব্যাটেলিয়ান এন সি সি-র গুলি চালানোর মহড়া অনুষ্ঠিত হবে । এর পরিপ্রেক্ষিতে এই নির্দেশ জারি করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

ব্রেক-থ্রু সায়েন্স সোসাইটি শিলচর চাপ্টারের উদ্যোগে আজ শিলচরে সেন্ট্রাল সিনিয়র সেকেন্ডারি স্কুলে দুদিনের বেসিক ইন সায়েন্স এক্সপেরিমেন্টেশন কার্যসূচীর সূচনা করা হয় । অনুষ্ঠানে সংগঠনের সর্বভারতীয় কমিটির সদস্য কলকাতার ডাঃ দিবাশংকর দাস প্রাচীন ভারতে জ্যোতির্বিজ্ঞান শীর্ষক এক আলোচনাসভায় বক্তব্য রাখেন । আলোচনা সভায় পদার্থ বিজ্ঞানের অবসরপ্রাপ্ত অধ্যাপক সুরজিৎ সেন , অজয় রায় , যুক্তিবাদী আন্দোলনের অন্যতম সংগঠক হানিফ আহমেদ বড়ভূইয়া প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------